চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স	ইস্যুর তারিখ: ১০/৩১/১৩	নম্বর:	D-170
বিষয়:	শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া		পৃষ্ঠা:	1 of 1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধানটি এর পোস্টিংয়ের তারিখ থেকে কার্যকর এবং এটি ২৬ জুন ২০১২ তারিখের প্রবিধান D-170-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ:

- প্রার্থীদের যোগ্যতার শর্তে নিম্নলিখিত পরিবর্তন করা হয়েছে যাতে তা পরিবর্তিত স্টেট আইনের সাথে মানানসই হয়: প্রার্থীদেরকে অবশ্যই কোন দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে অংশগ্রহণকারী কিংবা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। সিইসিইএলএল-এর কোন পদে প্রার্থীতা নিশ্চিত করার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। (পৃষ্ঠা 1, সেকশন I.A.1 দেখুন)।
- প্রার্থীদেরকে এখন যে স্কুলের দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে তাদের সন্তান পড়ালেখা করছে এবং/অথবা এ ধরনের কর্মসূচিতে যদি বিগত দুই বছরের মধ্যে তাদের ছেলেমেয়ে পড়ালেখা করে থাকে, তাহলে সে সংক্রান্ত তথ্য তাদের আবেদনপত্রে তালিকাভুক্ত করতে হবে। একজন প্রার্থীকে একটি ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধি বলে গণ্য করা হবে যে ডিস্ট্রিক্ট-এ প্রার্থীর কোন সন্তান একটি দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে পড়ালেখা করছে এবং/অথবা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কোন কর্মসূচিতে পড়ালেখা করেছে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মতামত সাপেক্ষে অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে। (পৃষ্ঠা ২ সেকশন II.B দেখুন)
- বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন আটজনের বেশি প্রার্থী সিসিইএলএল-এর জন্য নির্বাচিত হতে পারবেন না। যদি বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন অনূর্ধ্ব আটজন প্রার্থী নির্বাচিত হন, তাহলে তাদের মধ্য থেকে V.A.2.c ধারায় বর্ণিত নিষেধ সাপেক্ষে সর্বোচ্চ ভোট পাওয়া আটজনকে নির্বাচিত বলে গণ্য করা হবে, এবং অন্যসব প্রার্থীদের মধ্যে যারা বর্তমান ইএলএল শিক্ষার্থীর পিতামাতা নন, তাদেরকে বিবেচনা থেকে প্রত্যাহার করা হবে। (পৃষ্ঠা 3 সেকশন V.A.2.b দেখুন)
- তবে, কোনো স্কুলের সিইসিইএলএল-এ একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম সেকশন V.A.2.d! যদি একই ডিস্ট্রিক্ট থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সেকশন V.A.2.b-এ বর্ণিত নিষেধাজ্ঞার ব্যতিক্রমসাপেক্ষে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচত বিবেচিত হবেন। সে ডিস্ট্রিক্ট থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন ডিস্ট্রিক্টের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে সেকশন V.A.2.b-এ বর্ণিত নিষেধাজ্ঞার ব্যতিক্রমসাপেক্ষে সিসিইএলএল-এ শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে। (পৃষ্ঠা 3, সেকশন V.A.2.c দেখুন)।

সংক্ষিপ্তসার

সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (সিসিইএলএল) ১৩ জন ভোটিং সদস্য এবং একজন নন-ভোটিং শিক্ষার্থী সদস্য সমবায়ে গঠিত হয়। ভোদাটিধিকারসম্পন্ন নয়জন সদস্য এই প্রবিধানের নিয়ম অনুযায়ী নির্বাচিত হবেন, এবং অবশ্যই নির্বাচনের সময় তাদেরকে চলামান দ্বিভাষী বা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ ("ইএসএল") কর্মসূচির শিক্ষার্থীর বা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কর্মসূচির অন্তর্ভুক্ত ছিলো, এমন শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। অবশিষ্ট দুইজন ভোটাধিকারপ্রাপ্ত সদস্য এনওয়াইসি পাবলিক এডভোকেট কর্তৃক মনোনীত হবেন। এই প্রবিধান সিসিইএলএল সদস্য হওয়ার যোগ্যতার শর্ত এবং মনোনয়ন ও নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। প্রতিটি সিইসি-কে 'নিউ ইয়র্ক ওপেন মিটিংস ল' অনুযায়ী সকল দায়-দায়িত্ব পালন করতে হবে।

I. যোগ্যতা

A. পিতামাতা ও পাবলিক এডভোকেট-এর মনোনীত ব্যক্তি

1. শুধু কোন দ্বিভাষীক বা ইএসএল কর্মসূচির শিক্ষার্থীর ("ইএলএল শিক্ষার্থী") পিতামাতা[1] বা এ ধরনের কর্মসূচিতে বিগত দুই বছরের মধ্যে পঠনরত ছিলো এ ধরনের শিক্ষার্থীর পিতামাতা নিজে নিজে সিসিইএলএল-এর প্রার্থী হওয়ার যোগ্য। সিইসিইএলএল-এর কোন পদে প্রার্থীতা নিশ্চিত করার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়।

2. নিচে উল্লিখিত ব্যক্তিগণ আইনত যোগ্য নন:

a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট , বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

b. ডিপার্টমেন্ট অব এডুকেশনে (DOE) বর্তমান কর্মচারী;

দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত বা সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি) থেকে সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত অপকর্মের জন্য অপসরাণকৃত, কিংবা সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে সংশ্লিষ্ট কোন অপরাধের জন্য দণ্ডিত ব্যক্তি; এবং

d. যেসব ব্যক্তি অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে বা সিইসি-তে আছেন।

3. এ ছাড়াও, নিম্নোল্লিখিত ব্যক্তিগণও যোগ্য নন:

a. প্যানেল ফর এডুকেশনাল পলিসি-এর সদস্যগণ;

b. পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি থেকে, কিংবা কম্যুনিটি স্কুল বোর্ড থেকে এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি থেকে বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

[1] পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সত-পিতা বা তত্ত্বাবধানকারী), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোন ব্যক্তিকে বুঝায়। ছেলেমেয়ের সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

c. ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে চ্যান্সেলরের প্রবিধান D-125 অনুযায়ী স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

B. শিক্ষার্থী

যেসব হাই স্কুলের শিক্ষার্থী কোন দ্বিভাষী বা ইএসএল কর্মসূচিতে আছে বা ছিলো এবং সিসিএসএল-এ কাজ করা অবস্থায় যারা সিনিয়র বর্ষে উত্তীর্ণ হবে, তারা সিসিইএলএল-এ কাজ করার যোগ্যতার অধিকারী। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে আনুমানিক ৩০ হাই স্কুল ক্রেডিটসম্পন্ন একজন সিনিয়রকে বিবেচনা করা হবে।

II. পিতামাতার নমিনেশন

A. সিসিএইচএস-এ কাজ করতে আগ্রহী পিতামাতারা অনলাইনে একটি পূরণকৃত আবেদনপত্র www.nycparentleaders.org ঠিকানায় জমা দেবেন। প্রার্থীগণ একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE) আবেদন জমা দেওয়ার সময়সীমাwww.nycparentleaders.org ঠিকানায় পোস্ট করবে। যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা বিভিন্ন স্কুল ও স্থানীয় সংস্থাগুলোর তালিকার জন্য ফেইস-এ যোগাযোগ করতে পারেন, এসব স্কুল ও সংস্থা তাদেরকে ইন্টারনেট সংযোজিত কম্পিউটার ব্যবহারের সুযোগ দিতে পারবে।

B. প্রার্থীদেরকে যে স্কুলের দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে তাদের সন্তান পড়ালেখা করছে এবং/অথবা এ ধরনের কর্মসূচিতে যদি বিগত দুই বছরের মধ্যে তাদের ছেলেমেয়ে পড়ালেখা করে থাকে, তাহলে সে সংক্রান্ত তথ্য তাদের আবেদনপত্রে তালিকাভুক্ত করতে হবে। একজন প্রার্থীকে একটি ডিস্ট্রিক্ট-এর প্রতিনিধি বলে গণ্য করা হবে যে ডিস্ট্রিক্ট-এ প্রার্থীর কোন সন্তান একটি দ্বিভাষিক বা ইএসএল কর্মসূচিতে পড়ালেখা করছে এবং/অথবা বিগত দুই বছরের মধ্যে এ ধরনের কোন কর্মসূচিতে পড়ালেখা করেছে।
প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মতামত সাপেক্ষে অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে।

C. প্রত্যেক প্রার্থীর আবেদনের অংশবিশেষ (নাম, যে স্কুলে সন্তান যাচ্ছে, জীবনবৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, এবং ব্যক্তিগত বিবৃতি) পিতামাতা ও সর্বজনের দেখার জন্য www.nycparentleaders.org ওয়েবসাইটে পোস্ট করা হবে।

III. নির্বাচকমণ্ডলী

প্রতিটি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট এবং বরো ও ডিস্ট্রিক্ট ৭৫-কে একজন করে তাদের নিজ নিজ ইএলএল শিক্ষার্থীর পিতামাতাদের মধ্য থেকে একজন করে সিসিইএলএল সদস্য হিসেবে কাজ করার জন্য মনোনয়ন করতে হবে। যদি পরিস্থিতি এমন হয় যে প্রেসিডেন্ট কাউন্সিলে কোন ইএলএল শিক্ষার্থীর পিতামাতা নেই, সেক্ষেত্রে প্রেসিডেন্ট কাউন্সিলকে ডিস্ট্রিক্ট বা বরো থেকে একজন ইএলএল শিক্ষার্থীর পিতামাতাকে নির্বাচক হতে অনুরোধ করতে হবে। এ ধরনের প্রেসিডেন্ট কাউন্সিলকে স্বেচ্ছায় এগিয়ে আসা পিতামাতাদের মধ্য থেকে একজন পিতামাতাকে সিসিইএলএল নির্বাচক হিসেবে মনোনয়ন করতে হব। যেসব পিতামাতা সিসিইএলএল-এর জন্য প্রার্থী হবেন, তারা নির্বাচক হিসেবে কাজ করার যোগ্য নন।

IV. প্রার্থী ফোরাম প্রক্রিয়া

A. ফেইস একটি প্রার্থী ফোরাম আহ্বান করবে যেখানে সিসিইএলএল-এর প্রার্থীরা নির্বাচক এবং অন্যান্য পিতামাতা ও আগ্রহী পক্ষের সামনে নিজেদের উপস্থাপন করার সুযোগ লাভ করবেন।

B. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার পর, তবে নির্বাচনের বছরের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটের দিনের আগে। ফেইস প্রার্থী ফোরামের জন্য একটি ডিওই-এর স্থান, তারিখ এবং উপযুক্ত সময় নির্ধারণ করবে, এবং প্রার্থী ফোরামের জন্য সকল পারমিট সংগ্রহ করবে। ফেইস নমিনি ফোরামের সাথে সংশ্লিষ্ট সকল পারমিট এবং অন্যান্য প্রয়োজনীয় সকল ব্যয় বহন করবে।

C. ফেইস প্রেসিডেন্টস কাউন্সিলকে প্রার্থী ফোরামে বিলি করার জন্য সংশ্লিষ্ট সিসিইএলএল-ভিত্তিক আলাদা করে তৈরি নমিনি ব্রোশিওর-এর কপি দেবে যাতে সংশ্লিষ্ট সিসিইএলএল-এর প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম ও পরিচিতিমূলক বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে। ফেইস নমিনি ফোরাম আয়োজনের জন্য প্রয়োজনানুযায়ী বাড়তি সহায়-সঙ্গতি দিয়ে সহায়তা করবে।

V. নির্বাচন প্রক্রিয়া

A. প্যারেন্ট মেম্বার (ভোটাধিকারসম্পন্ন)

1. ভোট দেওয়ার জন্য নির্বাচকদের www.nycparentleaders.org ঠিকানায় লগ ইন করতে হবে। লগ অন হওয়ার পর নির্বাচকদেরকে একটি ব্যালট দেওয়া হবে যাতে তাদের সিসিইএলএল-এর সকল প্রার্থীর নাম দেওয়া আছে। প্রত্যেক নির্বাচক দুইজন প্রার্থীকে ভোট দেবেন। ফেইস নির্বাচকদেরকে ব্যালট জমা দেওয়ার প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্য দেবেন।

2. যখন ব্যালট গণনা করা হবে:

a. নয়জন সর্বোচ্চ ভোট অর্জনকারী প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের শর্তসাপেক্ষে নির্বাচিত বলে গ্রহণ করা হবে, নিম্নলিখিত V.A.2.b এবং V.A.2.c অনুচ্ছেদে উল্লিখিত ব্যতিক্রম ছাড়া।

b. বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন আটজনের বেশি প্রার্থী সিসিইএলএল-এর জন্য নির্বাচিত হতে পারবেন না। যদি বর্তমান ইএলএল শিক্ষার্থীদের পিতামাতা নন, এমন অনূর্ধ্ব আটজন প্রার্থী নির্বাচিত হন, তাহলে তাদের মধ্য থেকে V.A.2.c ধারায় বর্ণিত নিষেধ সাপেক্ষে সর্বোচ্চ ভোট পাওয়া আটজনকে নির্বাচিত বলে গণ্য করা হবে, এবং অন্যসব প্রার্থীদের মধ্যে যারা বর্তমান ইএলএল শিক্ষার্থীর পিতামাতা নন, তাদেরকে বিবেচনা থেকে প্রত্যাহার করা হবে।

c. তবে, কোনো স্কুলের সিইসিইএলএল-এ একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম সেকশন V.A.2.d! যদি একই ডিস্ট্রিক্ট থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সেকশন V.A.2.b-এ বর্ণিত নিষেধাজ্ঞার ব্যতিক্রমসাপেক্ষে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচত বিবেচিত হবেন। সে ডিস্ট্রিক্ট থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন ডিস্ট্রিক্টের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে সেকশন V.A.2.b-এ বর্ণিত নিষেধাজ্ঞার ব্যতিক্রমসাপেক্ষে সিসিইএলএল-এ শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

d. সেসব পরিস্থিতিতে V.A.2.c অনুচ্ছেদে বর্ণিত নিষেধাজ্ঞা প্রয়োগ করা হলে নির্বাচিতদের সংখ্যা নয়জনের চাইতে কম হতে পারে, সেখানে এই ধারাটি প্রয়োগ করা যাবে না।

3. প্রার্থীদের মধ্যে টাই হলো (প্রার্থীরা সমান ভোট পেলে), কিংবা প্রাথমিকভাবে নয়জনের কম মনোনীত হলে, পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে। এ ধরনের পরিস্থিতিতে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।

a. সিসিইএলএল-এর এক বা একাধিক আসনে টাই হওয়ার কারণে যদি নতুন করে নির্বাচন করা আবশ্যক হয়, তাহলে শুধু টাই হয়েছে যেসব প্রার্থীদের মধ্যে, তারাই পুনর্নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।

b. যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে সেকশন V.A.2.c অনুযায়ী বিধি নিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন সকল প্রার্থী এবং ইতিমধ্যে সিসিসিইএলএল-এ

কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। যদি পুনর্নির্বাচনের পরও সকল আসন পূর্ণ না হয়, তাহলে সেকশন V.A.2.d-এর ব্যতিক্রমী নিয়ম প্রয়োগ করা হবে।

c. যদি সেকশন V.A.3.a এবং V.A.3.b প্রয়োগের কারণ ছাড়া অন্য কোন কারণে এক বা একাধিক আসন অপূর্ণ থাকার নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে যেসব প্রার্থী ইতিমধ্যে নির্বাচিত হননি, তারা পুনর্নির্বাচনে অংশগ্রহণ করার যোগ্য হবেন।

d. উপরে উল্লিখিত সেকশন V.A.3.a, V.A.3.b এবং V.A.3.c-এর সাথে সামঞ্জস্যবিধান করার কারণে যদি একাধিক পুনর্নির্বাচন আবশ্যক হয়, তাহলে তা সেকশন V.A.3.a, V.A.3.b এবং V.A.3.c.-এ উল্লিখিত শর্তানুযায়ী একই সময়ে, কিন্তু ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করে একাধিক নির্বাচন করতে হবে।

e. যদি পুনির্নির্বাচন প্রক্রিয়া অনুসরণ করেও সকল আসন পূর্ণ না হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন প্রক্রিয়া পরিচালনার দায়িত্বপ্রাপ্ত নিরপেক্ষ সংস্থা উপরে উল্লিখিত সেকশন V.A.3.a, V.A.3.b এবং V.A.3.c অনুযায়ী লটারির মাধ্যমে বিজয়ী প্রার্থী বাছাই করবে। তবে, কোন প্রার্থী যদি প্রাথমিক নির্বাচন ও পুনর্নির্বাচন উভয়টিতেই কোন ভোট না পান, তাহলে কাউন্সিলের আসন শূন্য থেকে যাবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 and IX.A.3 অনুযায়ী পূরণ করতে হবে।

4. যদি কোনো প্রার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কিন্তু নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ার সময় পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী যিনি ইতোমধ্যেই সিসিইএলএল-এ প্রতিনিধিত্বকারী কোনো ডিস্ট্রিক্ট থেকে আসেননি তিনি শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন।[2] যদি উপরের নিয়েমে নির্বাচন করায় প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে। যদি যোগ্য কোন প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে সিসিইএলএল-এর একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 অনুযায়ী পূরণ করা হবে।

5. পিতামাতা সদস্য দুই বছর মেয়অদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

B. এনওয়াইসি পাবলিক এডভোকেটের নিযুক্তি

এনওয়াইসি পাবলিক এডভোকেট দুইজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবেন। সদস্য দুইজনকে অবশ্যই ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শিক্ষায় ব্যাপক অভিজ্ঞা ও জ্ঞানসম্পন্ন হতে হবে যারা নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহে দ্বিভাষীক ও ইএসএল কর্মসূচি উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়। সিসিইএলএল-এ এনওয়াইসি পাবলিক এডভোকেটের নিযুক্তি পেতে আগ্রহীদেরকে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

C. শিক্ষার্থী সদস্যদের (ভোটাধিকারহীন) নিযুক্তি

সিসিইএলএল কাজ করার জন্য প্রতিবন্ধী শিক্ষার্থী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারকে চিফ অ্যাচিভমেন্ট অফিসারের তৈরি প্রক্রিয়া ব্যবহার করে একজন হাই স্কুল সিনিয়র বাছাই করতে হবে যে দ্বিভাষীক বা ইএসএল কর্মসূচিতে আছে বা ছিলো।

---

[2] যদি অযোগ্যতা নির্বাচনের বছরের ২৫ জুনের পর ঘটে, তাহলে এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 প্রয়োগ হবে।

VI. যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি সিসিইএলএল-এ কাজ করার যোগ্য কি-না। চ্যান্সেলর যদি নিশ্চিত করেন যে আইন অনুযায়ী প্রার্থীর যোগ্যতা নেই, তাহলে চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত ইস্যুর পরবর্তী সাত দিনের মধ্যে জনসাধারণের পর্যবেক্ষণের জন্য বরো-তে এবং ফেইস-এর সেন্ট্রাল অফিসে সংরক্ষণ করা হবে। ইস্যুকৃত এ ধরনের সিদ্ধান্তে ঘটনাগত ও আইনগত ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেল কোন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করলে তার স্থলাভিষিক্ত হবেন পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী, যদি-না তিনি ইতিমধ্যে সিসিইএলএল-এ প্রতিনিধি আছে, এমন ডিস্ট্রিক্ট থেকে এসে থাকেন।

VII. সময়সীমা

প্রাথমিক সিসিইএলএল-এর জন্য, এ ধরনের সদস্যদের নির্বাচন ২০১১ সালের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং এরপর থেকে প্রতি দুই বছর পর পর অনুষ্ঠান করা হবে, যার মেয়াদ নির্বাচনোত্তর জুলাই মাসের ১ তারিখে শুরু হবে। মনোনয়ন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এই সময়সীমার মধ্যে অন্তর্ভুক্ত আছে পদ্ধতি সম্পর্কে সবাইকে জানান, পিতামাতার মনোনয়ন, নমিনি ফোরাম এবং নির্বচকদের ভোট দেওয়া। ফেইস এই প্রবিধান বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা ঘোষণা করবে।

VIII. পদত্যাগ

A. পিতামাতা সদস্য

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব অর্পন করেছেন। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক এডভোকেটের নিযুক্ত সদস্যের পদত্যাগপত্র পাবলিক এডভোকেটকে উদ্দেশ্য করে লিখিতভাবে জমা দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট পাবলিক এডভোকেটের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যের পদত্যাগপত্র প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসার বরাবর লিখিতভাবে জমা দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চিফ অ্যাচিভমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চিফ অ্যাচিভমেন্ট অফিসারের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

IX. পদশূন্যতা

A. পিতামাতা ও পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যের পদশূন্যতা

1. সিসিইএলএল-এর কোন সদস্য যিনি তার মেয়াদকালে যথাযথভাবে সভার কথা তাকে জানিয়ে দেওয়া সত্ত্বেও লিখিতভাবে যথার্থ কারণ না দেখিয়ে সিসিইএলএল-এর তিনটি সভায় উপস্থিত হতে অবহেলা করেন বা অনুপস্থিত থাকেন, তার পদ শূন্য হয়ে যাবে।[3] প্রতিটি অনুপস্থিতি এবং

[3] নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোন আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের

লিখিত ব্যাখ্যা দাপ্তরিক বিবরণীতে লিপিবদ্ধ করা হবে। পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যের সকল অনুপস্থিতি অবশ্যই পাবলিক এডভোকেটকে সিসিইএলএল-এর প্রশাসনিক কর্মকর্তা বা প্রেসিডেন্ট কর্তৃক জানাতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর সিসিইএলএল আসনটিকে নিয়মিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য ঘোষণা করবে এবং চ্যান্সেলরকে (কিংবা ক্ষেত্র বিশেষে পাবলিক এডভোকেটকে) এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে।

2. সিসিইএলএল-এ যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, সিসিইএলএল-কে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে। শূন্যপদ পূরণের আগে সিসিইএলএলকে অবশ্যই কোন দ্বিভাষীক বা ইএসএল কর্মসূচির শিক্ষার্থীদের পিতামাতার সাথে আলোচনা করতে হবে। সিসিইএলএল-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট পদ পূরণে আগ্রহী পিতামাতাদেরকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। সিসিইএলএল বা ফেইস অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে।

3. টাই ভোটের ঘোষণা দেওয়ার ৬০ দিনের মধ্যে যদি সিসিইএলএল-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি সিসিইএলএল ৬০ দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর সে শূন্য আসন পূরণ করতে পারবেন।

4. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্ত করবেন। পাবলিক এডভোকেটের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে পাবলিক এডভোকেট অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

B. শিক্ষার্থী পদশূন্যতা

শিক্ষার্থীর পদ শূন্য হলে প্রতিবন্ধী ও ইংরেজি ভাষা শিক্ষার্থীদের চিফ অ্যাচিভমেন্ট অফিসারকে মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য চিফ অ্যাচিভমেন্ট অফিসারের তৈরি পদ্ধতি প্রয়োগ করে একজন সিনিয়র শিক্ষার্থী নিযুক্ত করবেন। চিফ অ্যাচিভমেন্ট অফিসারকে সিসিইএলএল এবং ফেইস অফিসকে তার নিযুক্তির কথা জানাতে হবে।

X. <u>অভিযোগ প্রক্রিয়া</u>

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (৫) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হেব।

XI. <u>কৌশলগত সহায়তা</u>

ফেইস এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

<u>ফোন:</u>:	*Division of Family and Community Engagement*	<u>ফ্যাক্স</u>:
212-374-2323	N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	212-374-0076

অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; সিসিইএলএল সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে সিইসি সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা সিসিইএলএল উপযুক্ত মনে করে।